

বাঞ্ছারামপুরে তিন মাসেও বই পায়নি আড়াই হাজার শিক্ষার্থী

■ বাঞ্ছারামপুর (গ্রামশিক্ষা) প্রতিবেদন

উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের আড়াই হাজার শিক্ষার্থী তিন মাসেও আট বিষয়ের বই পায়নি। উপজেলা মাধ্যমিক কর্মকর্তার গাফিলতিতে বই পাননি বলে অভিযোগ করেছেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকরা।

২০১৩ সালে বাঞ্ছারামপুর উপজেলায় অষ্টম শ্রেণীর জন্য গার্মেন্টস বিজ্ঞান বইয়ের চাহিদা দেওয়া হয় ১১শে জানুয়ারি। এই বছর চাহিদা অনুযায়ী বই পাওয়া যায়। তবে ২০১৪ সালের জন্য নবম শ্রেণীর গার্মেন্টস বিজ্ঞান বইয়ের চাহিদা দেওয়া হয় ৫০০ শিক্ষার্থীর। এই বছর ষষ্ঠ শ্রেণীর ৮০০ এবং অষ্টম শ্রেণীর জন্য ৮০০ জনের চাহিদা দেয় উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়।

বিভিন্ন বিদ্যালয়ে খোঁজ নিয়ে জানা গেছে, উপজেলার ২১টি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে ১৬টি বিদ্যালয়ের ষষ্ঠ, অষ্টম ও নবম শ্রেণীর শিক্ষার্থীরা রসায়ন, পদার্থ, উচ্চতর গণিত, পৌরনীতি, অর্থনীতি, ভূগোল, গার্মেন্টস বিজ্ঞানের বই পায়নি। রূপসদী জামিদা মনসুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল বাশার বলেন, 'আমার বিদ্যালয়ে ৭টি বিষয়ের আড়াই শতাধিক শিক্ষার্থী বই পায়নি। তবে শিক্ষার্থীদের সময়ের করে শ্রেণীকক্ষে পাঠ দেওয়া হচ্ছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মোকাররম হোসেন বলেন, 'এ বছর যা চাহিদা দিয়েছি, সে অনুযায়ী বইও পেয়েছি। কিন্তু বিজ্ঞান বিভাগে শিক্ষার্থী বেশি ভর্তি হওয়ায় বইয়ের সংকট হয়েছে।'